ক্লাইমেট ফিল্ড স্কুল (সিএফএস)
**প্রশিক্ষণ মডিউল**

**সার্বিক পরামর্শ ও তত্ত্বাবধান :**
১. ড. আবু ওয়ালী রাগিব হাসান, প্রকল্প পরিচালক
২. সঞ্জীব কুমার সাহা, রেসপন্স এন্ড এ্যাডাপটেশন ম্যানেজমেন্ট এনালিস্ট, সিডিএমপি-২

**প্রণয়নে :**
১. মোঃ শাহাদাত হোসেন, টেকনিক্যাল অফিসার
২. মোঃ ইকবাল হোসেন, টেকনিক্যাল অফিসার
৩. ওবায়দুর রহমান, প্রজেক্ট এ্যাসিস্টেন্ট
৪. মোঃ বদরুল আলম তালুকদার, প্রজেক্ট মনিটরিং অফিসার
৫. মোঃ রেজাউল করিম, প্রজেক্ট মনিটরিং অফিসার
৬. মোঃ শফিউল আলম, প্রজেক্ট মনিটরিং অফিসার
৭. দীপেন্দ্র চন্দ্র সরকার, প্রজেক্ট মনিটরিং অফিসার
৮. মোঃ মোজাদ্দেদ হোসেন, প্রজেক্ট মনিটরিং অফিসার
৯. প্রদীপ কুমার রায়, প্রজেক্ট মনিটরিং অফিসার
১০. শাহ মোঃ আসাদুদ্দৌলা, প্রজেক্ট মনিটরিং অফিসার
১১. সালাউদ্দিন আহমেদ, প্রজেক্ট মনিটরিং অফিসার
১২. বিদ্যুত কুমার পাল, প্রজেক্ট মনিটরিং অফিসার
১৩. মোঃ আসাদুল হক, প্রজেক্ট মনিটরিং অফিসার
১৪. মোঃ মিজানুর রহমান, প্রজেক্ট মনিটরিং অফিসার
১৫. মোঃ মোজাহারুল হক, প্রজেক্ট মনিটরিং অফিসার

**সম্পাদনা :**
১. ড. মাঝহারুল আজিজ, উপ-প্রকল্প পরিচালক
২. ড. মোঃ লতিফুল হায়দার, ন্যাশনাল কনসালটেন্ট (ক্রপ)
৩. মোঃ মিজানুর রহমান, এগ্রিকালচারাল রিস্ক ম্যানেজমেন্ট এনালিস্ট

**প্রচ্ছদ ও গ্রন্থ-নকশা :**
মোস্তাফিজুর রহমান
আক্তার হোসেন

**প্রকাশকাল :**
ফেব্রুয়ারি, ২০১৪

**আলোকচিত্র :**
ডিসিআরএমএ প্রজেক্ট

**মুদ্রণ :**
ENVISIO
Premium Selections
২/২, পুরানা পল্টন, ঢাকা ১০০০
ফোন : ০২ ৯৫৮৭৯৪২

# দুটি কথা

বিশ্ব মানচিত্রে বাংলাদেশের অবস্থান এমন এক জায়গায় যেখানে কোনো-না-কোনো প্রাকৃতিক দুর্যোগ লেগেই থাকে। জলবায়ু পরিবর্তন একটি নিয়ত প্রাকৃতিক ঘটনা যা মানুষের কর্মকাণ্ড দ্বারা ব্যাপকভাবে প্রভাবিত। দেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপটে জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগে বাংলাদেশের কৃষিই সবচেয়ে ক্ষতিগ্রস্ত ও ঝুঁকিপূর্ণ সেক্টর। বিরূপ পরিস্থিতির সাথে কৃষি উৎপাদন ব্যবস্থার সামঞ্জস্য করে জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব থেকে কৃষিতে ঝুঁকি কমানো, দুর্যোগমুক্ত সময়ে শস্য বহুমুখীকরণ ও ফসলের নিবিড়তা বাড়িয়ে দুর্যোগের ক্ষতি পুষিয়ে নেয়া বিশেষভাবে বিবেচ্য। এজন্য জলবায়ু পরিবর্তনে কৃষিক্ষেত্রে উদ্ভুত ঝুঁকির প্রকৃতি ও সম্ভাব্য অভিযোজন কৌশল সম্পর্কে কৃষকের জ্ঞান ও প্রায়োগিক দক্ষতা থাকা আবশ্যক। প্রকল্পের আওতায় ২৬টি জেলায় ৫২টি উপজেলায় প্রত্যেকটিতে ৩টি করে আইপিএম/আইসিএম ক্লাবের কৃষক-কৃষাণীদেরকে ক্লাইমেট ফিল্ড স্কুলে কৃষি ক্ষেত্রে মৌসুমব্যাপী জলবায়ু পরিবর্তন অভিযোজন ও দুর্যোগ ঝুঁকি হ্রাস বিষয়ক প্রশিক্ষণ দেয়া হচ্ছে। এ লক্ষ্যে বাস্তব কার্যকরী এবং পূর্ণাঙ্গ প্রশিক্ষণ পাঠ পরিকল্পনা তৈরি করা হয়েছে।

এ পাঠ পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে কৃষকের সংশ্লিষ্ট বিষয়ে জ্ঞান, দক্ষতা বৃদ্ধি পাবে ও এতে স্থানীয় সম্পদের ব্যবহার করে কৃষি ক্ষেত্রে দুর্যোগ ঝুঁকি মোকাবেলা এবং সম্ভাব্য অভিযোজন কৌশল আয়ত্ত্ব করতে সক্ষম হবে। ফলশ্রুতিতে এ এলাকার জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নতি হবে বলে আশা করি।

প্রকল্প এলাকার আইপিএম/আইসিএম ক্লাবের কৃষকের স্থানীয় চাহিদা উপজেলা পর্যায়ে উপজেলা কারিগরী কমিটি ও জেলা পর্যায়ে জেলা কারিগরী কমিটির মাধ্যমে বাছাই করা হয়। জাতীয় পর্যায়ে পাঠ পরিকল্পনা ডেভেলপমেন্ট ওয়ার্কশপের মাধ্যমে পূর্ণাঙ্গ পাঠ্যসূচি চূড়ান্ত করে ক্লাইমেট ফিল্ড স্কুল (সিএফএস) প্রশিক্ষণ মডিউলটি তৈরি করা হয়েছে।

এ পাঠ্যসূচি তৈরিতে প্রকল্পের সংশ্লিষ্ট সকলে সর্বাত্মক সহযোগিতা প্রদান করেছেন। এছাড়াও ডিএই-এর উর্ধ্বতন কর্মকর্তা, বিভিন্ন প্রকল্প পরিচালক সহ সবার নিকট হতে মূল্যবান কারিগরী পরামর্শ ও মতামত গ্রহণ করা হয়েছে, এ জন্য সকলের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি। এ কারিকুলাম-এর মানোন্নয়নে যে-কোনো পরামর্শ সর্বদা গ্রহণযোগ্য হবে।

আমার দৃঢ় বিশ্বাস এ কারিকুলাম দেশের ৫২টি উপজেলায় ডিজাস্টার এন্ড ক্লাইমেট রিস্ক ম্যানেজমেন্ট ইন এগ্রিকালচার (ডিসিআরএমএ) প্রকল্পের কর্মকাণ্ডের সুষ্ঠু বাস্তবায়নে ও সার্বিক কৃষি সেক্টরে সংশ্লিষ্ট সবার নিকট সমাদৃত হবে এবং একই সাথে কৃষি ও কৃষকের সার্বিক সমৃদ্ধি আসবে।

**(ড. আবু ওয়ালী রাগিব হাসান)**
প্রকল্প পরিচালক

# বাণী

বাংলাদেশ একটি দুর্যোগপ্রবণ দেশ। ভৌগোলিক অবস্থান, জনসংখ্যার আধিক্য এবং তুলনামূলক দুর্বল আর্থিক অবস্থা বাংলাদেশকে একটি প্রথম সারির ঝুঁকিপূর্ণ দেশে পরিণত করেছে। বৈশ্বিক উষ্ণায়ন এবং জলবায়ু পরিবর্তনের ফলে ভবিষ্যতে বাংলাদেশের জলবায়ু পরিবর্তনজনিত দুর্যোগ ঝুঁকি আরো বৃদ্ধি পাবে। আশংকা করা হচ্ছে, এর ফলে দুর্যোগের সংখ্যা এবং এর ক্ষতিকর প্রভাব ব্যাপকভাবে বৃদ্ধি পাবে। বাংলাদেশে কৃষিখাতে এর নেতিবাচক প্রভাব হবে দীর্ঘস্থায়ী।

কৃষিখাতে দুর্যোগের ঝুঁকি হ্রাস এবং সফল অভিযোজন কার্যক্রম পরিচালনার জন্য কম্প্রিহেনসিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি-২) এর সহায়তায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর 'ডিজাস্টার এন্ড ক্লাইমেট রিস্ক ম্যানেজমেন্ট ইন এগ্রিকালচার' (ডিসিআরএমএ) প্রকল্প বাস্তবায়ন করছে। আমি জেনে আনন্দিত হয়েছি যে, প্রকল্পের কাজের অংশ হিসেবে কৃষকদের দুর্যোগ ঝুঁকি হ্রাস এবং জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাওয়ানোর সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ক্লাইমেট ফিল্ড স্কুল প্রতিষ্ঠা করে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এ কার্যক্রমকে আরো শক্তিশালী করার লক্ষ্যে বন্যা, খরা, লবণাক্ততা এবং আকস্মিক বন্যাপ্রবণ এলাকার জন্য ক্লাইমেট ফিল্ড স্কুল (সিএফএস) প্রশিক্ষণ মডিউল প্রণয়ন করা হয়েছে।

আমি আশা করি, ক্লাইমেট ফিল্ড স্কুল (সিএফএস) প্রশিক্ষণ মডিউলটি ক্লাইমেট ফিল্ড স্কুল-এ পাঠ দানের জন্য অত্যন্ত সহায়ক হবে এবং কৃষি খাতে দুর্যোগ ঝুঁকি হ্রাস ও জলবায়ু পরিবর্তন মোকাবেলায় গৃহীত কার্যক্রমে সুদূরপ্রসারী ইতিবাচক ভূমিকা রাখবে।

আমি প্রকল্প সংশ্লিষ্ট সকলকে এ উদ্যোগের জন্য সাধুবাদ জানাই।

**(মোহাম্মদ আবদুল কাইয়ুম)**
জাতীয় প্রকল্প পরিচালক
কম্প্রিহেনসিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি-২)

# মুখবন্ধ

বাংলাদেশ একটি দুর্যোগপ্রবণ দেশ। প্রতিনিয়ত দেশের জলবায়ু পরিবর্তন হচ্ছে। ভৌগোলিক অবস্থার কারণে বাংলাদেশের দুর্যোগ সরাসরি রোধ করা কোনোভাবেই সম্ভব নয়।

আমাদের দেশ কৃষি নির্ভর। আর কৃষি সেক্টর জলবায়ু পরিবর্তন ও দুর্যোগে সবচেয়ে বেশি বিপদাপন্ন। জলবায়ু পরিবর্তন ও ঝুঁকি হ্রাস বিষয়ক সীমিত জ্ঞান ও প্রয়োজনীয় পূর্ব প্রস্তুতির অভাবে প্রতি বছর কৃষি খাত যথেষ্ট ক্ষয়ক্ষতির সম্মুখীন হয়।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) বাংলাদেশের কৃষি সেক্টরের উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। এ লক্ষ্যে ডিএই তার নিজস্ব কর্মসূচির বাইরে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে কার্যক্রম বাস্তবায়ন করছে। ডিজাস্টার এন্ড ক্লাইমেট রিস্ক ম্যানেজমেন্ট ইন এগ্রিকালচার (ডিসিআরএমএ) প্রকল্পটি অন্যান্য কর্মকাণ্ডের পাশাপাশি আইপিএম বা আইসিএম ক্লাবের সদস্যদের নিয়ে ক্লাইমেট ফিল্ড স্কুল (সিএফএস) প্রতিষ্ঠার মাধ্যমে কৃষক-কৃষাণীদের দুর্যোগ ঝুঁকি হ্রাস ও জলবায়ু পরিবর্তনে খাপ খাওয়ানোর কৌশল গ্রহণে কৃষকদের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করছে।

একটি প্রকল্পের সঠিক বাস্তবায়ন ও সুফল নির্ভর করে মাঠ পর্যায়ের সম্প্রসারণ কর্মীদের সংশ্লিষ্ট বিষয়ে তথ্য ও দক্ষতার ওপর। এজন্য তাদের কাছে তথ্যাদি সরবরাহ ও সঠিক নির্দেশনা প্রদান একান্তভাবে দরকার।

আমি জেনে অত্যন্ত আনন্দিত যে, ডিসিআরএমএ প্রকল্প থেকে প্রকাশিতব্য ক্লাইমেট ফিল্ড স্কুল (সিএফএস) প্রশিক্ষণ মডিউলে বন্যা, খরা, লবণাক্ততা ও আকস্মিক বন্যাপ্রবণ এলাকার জন্য পৃথক পৃথক পাঠ্যক্রম তৈরি করা হয়েছে। এ ছাড়াও এতে বিভিন্ন তথ্য ও নির্দেশনা অন্তর্ভুক্ত করা হয়েছে যা সিএফএস বাস্তবায়নে সংশ্লিষ্ট সহায়তাকারীদের অত্যন্ত সহায়ক হবে। এ জন্য আমি ডিসিআরএমএ প্রকল্পের প্রকল্প পরিচালককে অভিনন্দন জানাই।

এ পাঠ পরিকল্পনা প্রকাশনার সাথে জড়িত ব্যক্তিবর্গকে জানাই আন্তরিক ধন্যবাদ।

**(মোঃ আবু হানিফ মিয়া)**
মহাপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কৃষি মন্ত্রণালয়